## তেরখাদা উপজেলা পরিষদের আগস্ট/২১ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ শহীদুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ৩১/০৮/২০২১ খ্রিঃ, বিকাল : ৩.০০ ঘটিকা।
সভার স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন, তেরখাদা, খুলনা।

### সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল ইসলাম, Zoom Video Conference এর মাধ্যমে সভায় যুক্ত খুলনা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয়কে শুভেচ্ছা জানান এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন দৈনিক জন্মভূমি পত্রিকায় মুজিববর্ষ উপলক্ষে আশ্রয়ন প্রকল্পের ঘর নির্মাণ বিষয়ে যে সংবাদ প্রকাশিত হয়েছে তা মিথ্যা, বানোয়াট এবং উদ্দেশ্য মূলক যা উপজেলা প্রশাসনের ভাবমূর্তি ক্ষুন্নকরে। তিনি এ সভার মাধ্যমে প্রকাশিত মিথ্যা সংবাদের প্রতিবাদ ও নিন্দা জানান এবং সাংবাদিক নেতাদের বিষটি অবহিত করেন। সভাপতি মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে এ সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন ।

উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যক্রম পরিচালনা করেন। তিনি Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয় এবং সকল জনপ্রতিনিধি ও সকল কর্মকর্তাদের শুভেচ্ছা জানান। তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সরকারি বিভিন্ন দপ্তরের কার্যক্রম অবহিত করেন। মুজিববর্ষ উপলক্ষে অসহায় ভূমিহীনদের মাঝে মাননীয় প্রধানমন্ত্রীর উপহারের ঘর নির্মাণ এবং বিতরণ বিষয়ে অবহিত করেন। তিনি জানান প্রতি সপ্তাহে আশ্রয়ন প্রকল্প পরিদর্শন করা হয় এবং বসবাসরত জনগোষ্ঠির খোজ খবর রাখা হয়। ঘর নির্মাণ কাজ প্রাক্কলন মোতাবেক বাস্তাবায়ন করা হয়েছে। যারা সেখানে বসবাস করেন তাদের কোন অভিযোগ না থাকলেও কতিপয় দুস্কৃতকারী সরকারের এসকল উন্নয়ন কর্মকান্ডে ইর্শান্বিত হয়ে বিভিন্ন ধরনের অপপ্রচার এবং মিথ্য সংবাদ প্রচারের মাধ্যমে উপজেলা প্রশাসন তথা সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন করার অপচেষ্টা চালাচ্ছে। তেরখাদা উপজেলার কাটেংগা বাজারে চিত্রা নদীর উপর ব্রীজ নির্মাণ প্রকল্প গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তেরখাদা উপজেলার উন্নয়নে বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান।

অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় দপ্তর ভিত্তিক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | সভা ও স্থায়ী কমিটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে । কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, এ বিষয়ে একমত পোষন করে বলেন যে, প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মহোদয় জানান নিয়মিত স্থায়ী কমিটির সভা না করায় এর পূর্বে জাইকার তিনটি বরাদ্দে ১.৫ কোটি টাকা থেকে আমরা বঞ্চিত হয়েছি। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে।<br>২) সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মাইলা ভাইস চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | **আলোচনা-১ ঃ** উপজেলা প্রকৌশলী সভার শুরুতে ১৫ আগস্টে নিহত সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার স্থপতি জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তার পরিবারের সকল সদস্যদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মুর্শেদী মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>তিনি জানান, এলজিইডি এর আওতায় নতুন প্রকল্পের জন্য বিশেষকরে খুলনা প্রজেক্টে তিনটি এলাকার প্রতিটি এলাকার জন্য ১২০ কোটি টাকার স্কীম প্রস্তাবের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ কৃতজ্ঞতা প্রকাশ করেন। তেরখাদা উপজেলার এসারআমতলা কোলা বাজার রাস্তাটির প্রাক্কলন প্রায় ০৫ কোটি টাকা প্রকল্প পরিচালক ঢাকা মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে মর্মে অবহিত করেন। এলজিইডি এর আওতায় সড়ক রক্ষণাবেক্ষণ প্রকল্পের আওতায় বিগত দুই বছরে তেরখাদা উপজেলায় সর্বোচ্চ বরাদ্দের জন্য সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান এ বছরে ০৭টি রাস্তার অনুমোদন পাওয়া গেছে। যার মধ্যে জয়সেনা- গাজীরহাট রাস্তার অবশিষ্ট রাস্তা মেরামতের আওতায় নেয়া হয়েছে। ০৫ কোটি টাকা ব্যয়ে নলামারা- কার্কদি দীর্ঘ দিনের অবহেলিত রাস্তা মহোদয়ের চেষ্টায় কাজ শুরু হয়েছে। উপজেলা কমপ্লেক্স এর কাজ শেষ পর্যায়ে । কিন্তু কমপ্লেক্স ভবনে টাইলস ধরা না থাকায় টাইলস অন্তর্ভুক্তির জন্য মাননী সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। ০৬নং মধুপুর ইউনিয়নে মধুপুর শ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল এর জায়গায়র সমস্যা থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা মহোদয়ের সহযোগীতায় সমাধা করা হয়েছে। তেরখাদা প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জায়গা নিয়ে স্থানীয় সমস্যা থাকায় উন্নয়ন কাজ ব্যহত হয়। যার কারনে সময় ও পরিশ্রম ব্যয় হয়। তেরখাদা-খুলনা আরএন্ড এইস এর রাস্তাটির বাক সরলিকরনের বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তা এবং ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের জন্যে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সদয় হস্তক্ষেপ কামনা করেন। উপজেলা পরিষদের আবাসিক কোয়াটার ভবন সমূহ দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় তা ব্যবহার তথা বসবাসের অনুপোযোগী হয়ে পড়েছে। এগুলি কনডেম ঘোষনা করে নতুন ভবন নির্মাণের বিষয়ে সদয় হস্তক্ষেপ কামনা করেন। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তেরখাদা |
| | | **আলোচনা-২ ঃ** উপজেলা প্রকৌশলী বলেন, এলজিইডি এর Road and structure inventory তে নিম্নলিখিত ০৬টি রাস্তা অন্তর্ভুক্ত না থাকায় উন্নয়নের আওতায় আনা সম্ভব হচ্ছেনা । রাস্তাগুলি খুবই জনগুরুত্বপূর্ণ। রাস্তাগুলি গেজেটভুক্ত করার লক্ষে এ সভার অনুমোদন প্রয়োজন। সভায় অনুমদিত হলে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি খুলনা মহোদয়ের মাধ্যমে জেলা প্রশাসক মহোদয় এর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। তিনি নিম্নবর্ণিত রাস্তাসমূহ অনুমোদনের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে Road and structure inventory তে নিম্নবর্ণিত জনগুরুত্বপূর্ণ ০৬টি রাস্তা গেজেটভুক্ত করার লক্ষ্যে সর্বসম্মত অনুমোদন করা হলো। এবং পরবর্তি কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তেরখাদা |

| SL No. | Name Of Upazila | Name Of Union | Road ID | Name Of Road | Total Road Length (km) |
|---|---|---|---|---|---|
| 1 | Terokhada | Chagladah | 247944029 | Terokhada R&H Nebudia Ioskor Bari Jatri Chaoni To Citra Nodi Ovimukhi Junari manik Sarder Bari Road | 0.41 |
| 2 | Terokhada | Saciadah | 247944030 | Saciadah Modhopara Gourango Bala House To Dr. Liton Biswash House Via Master Neependronath House | 0.45 |
| 3 | Terokhada | Barasat | 247944031 | Terokhada Gazirhat Road Via Barasat Samsul-Ulum Madrasa & Meherunnesa GPS | 0.5 |
| 4 | Terokhada | Barasat | 247944032 | Barasat Abul Bazar West Side to Haridasbati Soo-Para Khal East Side | 0.356 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 5 | Terokhada | Chagladah | 247944033 | Saciadah Nagarkandi GC Uttor Kusla GPS to Kaca Laskar House | 0.3 |
| 6 | Terokhada | Saciadah | 247944034 | Patia Chomra Boro Road to Ikram Fokir Shop Via Laskar Bari Beel-Mukhi Road | 0.7 |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | <u>আলোচনা-৩</u> ঃ উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, এ উপজেলার নাচুনিয়া চরপাড়া খালের উপর কাঠের পুল ভেঙ্গে যাওয়ায় এবং আটলিয়া নুরুজ্জামান চেয়ারম্যানের বাড়ির পার্শ্বে নদীতে কাঠের পুল ভেঙ্গে উক্ত এলাকার সাধারণ মানুষের পারাপার ও যাতায়তে ভোগান্তি বেড়েগেছে। তাছাড়া জরুরী ভিত্তিতে আটলিয়া মাদ্রাসার পার্শ্বে ইউড্রেন নির্মান করা প্রয়োজন। বর্ষার পানি নিরসনের জন্য কোন ড্রেনেজ ব্যবস্থা না থাকায় আটলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ও মাদ্রাসার মাঠ ক্ষতিগ্রস্থ হচ্ছে। তিনি জরুরী অগ্রাধিকার ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ এ সকল প্রকল্প (ADP) এর আওতায় বাস্তবায়নের জন্য অনুরোধ জানান এবং বলেন, স্থানীয় সকরার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা-২ শাখার ০৫/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫. ২০.০০১.২১-৪৪০ নং স্মারকে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় ১ম কিস্তিতে ২২.৫৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ হতে বর্ণিত প্রকল্প সনমূহ বাস্তাবায়ন করা যেতে পারে।<br><br><u>আলোচনা-৪</u> ঃ উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ আরও বলেন, স্থানীয় সকরার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা-২ শাখার গত ১৬/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫. ২০.০০৪.২১-৪৫৪ নং স্মারকে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক বরাদ্দ হতে করোনা ভাইরাস কোভিড-১৯ এর সংক্রমন প্রতিরোধমূলক ব্যবস্থাগ্রহণের লক্ষ্যে ৩.৯৭ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। পত্রের মর্মানুযায়ী বিনামূল্যে বিতরণ এবং সেবা প্রদানের লক্ষ্যে (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার ও থার্মাল স্কানার) ক্রয় করা যাবে। তিনি বর্ণিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুলোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জরুরী ভত্তিতে (ADP) এর আওতায় আরএফকিউ (RFQ) পদ্ধতিতে ৫.০০ লক্ষ টাকা ব্যয় সীমিত রেখে "নাচুনিয়া চরপাড়া খালের উপর কাঠের পুল সংস্কার, আটলিয়া নুরুজ্জামান চেয়ারম্যানের বাড়ির সংলগ্ন নদীতে কাঠের পুল সংস্কার, এবং আটলিয়া মাদ্রাসা সংলগ্ন ইউড্রেন নির্মাণ" প্রকল্প সমূহ বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জরুরী ভত্তিতে (ADP) এর আওতায় আরএফকিউ (RFQ) পদ্ধতিতে করোনা ভাইরাস প্রতিরোধকল্পে "মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার ও থার্মাল স্কানার ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৬তম মৃত্যুবার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষে আগামী ১৫ আগস্ট ২০২১খ্রিঃ তারিখ তেরখাদা উপজেলার ১০জন প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুব মহিলাদের প্রকল্প সম্প্রসারনের জন্য ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা যুব ঋণের চেক বিতরণ কর্মসূচী গস্থহণ করা হয়েছে। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ০৪ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর তেরখাদা, খুলনা সভায় উপস্থিত মাননীয় সংসদ সদস্যকে শুভেচ্ছা জানিয়ে বলেন, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরের প্রতিটি ইউনিয়নে গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে এবং "পানি সরবরাহে আর্সেনিক ঝুকি নিরসন প্রকল্পের আওতায় উপজেলার বিভিন্ন ইউনিয়নে গভীর নলকুপ স্থাপনের কাজ চলমান রয়েছে। PEDP-4 প্রকল্পের আওতায় ওয়াস ব্লক নির্মানের কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। এবং দাপ্তরিক সকল কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ০৫ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, জুলাই/২১ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ২৬৪৭৬, সর্বমোট পদ্ধতি গস্থহণকারীর সংখ্যা-২০,৪৯৫, পদ্ধতি গস্থহণকারীর হার (সিএআর)-৭৭.৪১%, গর্ভবতী-৮০০ জন, অগ্রহণকারী-৫১৮১। তিনি আরও বলেন, স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে এবং স্বাস্থ্য শিক্ষা এবং কার্যক্রমের মাধ্যমে করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য জনসাধারণকে বিশেষভাবে উদ্বুদ্ধ করা যেতে পারে। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, মাতৃত্ব কালীন ভাতা ঈশ্বদান কর্মসূচীর আওতায় জুলাই-ডিসেম্বর/২০ সময়ের সকল টাকা ভাতাভোগীর স্ব স্ব হিসাব নম্বরে জমা হয়েছে এবং ভাতা বিতরণের কাজ চলমান রয়েছে। জুলাই/২১ মাসের ভিজিডির খাদ্য বিতরণ করা হয়েছে। ভিজিডিরি সঞ্চয়রে ২০০/- টাকা জমা ছাড়া খাদ্য বিতরন করা যাবে না। প্রত্যেক উপকারভোগী তার স্বস্ব হিসাব নম্বরে টাকা জমার স্লিপ দেখাবে তারপর তাকে চাউল দেওয়া হবে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, শিশুশ্রম নিরোধ, বাল্য বিবাহ প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ এবং কোভিড-১৯ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে উঠান বৈঠক করা হয়। এ বিষয়ে তথ্য উপাত্ত দিয়ে প্রশাসনকে সহযোগীতা করার জন্য জনপ্রতিনিধিদের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন । | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্ত মাতৃত্ব কালীন ভাতা ও ভিজিডি কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থ্যা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ০৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা Zoom Video Conference এর মাধ্যমে এ সভায় যুক্ত খুলনা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। মুজিববর্ষ উপলক্ষে অসহায় ভূমিহীনদের মাঝে মাননীয় প্রধানমন্ত্রীর উপহারের ঘর নির্মাণ এবং বিতরণ বিষয়ে অবহিত করেন। মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন দৈনিক জন্মভূমি পত্রিকায় মুজিববর্ষ উপলক্ষে আশ্রয়ন প্রকল্পের ঘর নির্মাণ বিষয়ে যে সংবাদ প্রকাশিত হয়েছে তা মিথ্যা, বানোয়াট এবং উদ্দেশ্যে মূলক । ঘর নির্মাণ কাজ প্রাক্কলন মোতাবেক বাস্তাবায়ন করা হয়েছে। যারা সেখানে বসবাস করেন তাদের কোন অভিযোগ না থাকলেও কতিপয় দুস্কৃতকারী সরকারের এসকল উন্নয়ন কর্মকান্ডে ইর্শান্বিত হয়ে বিভিন্ন ধরনের অপপ্রচার এবং মিথ্য সংবাদ প্রচারের মাধ্যমে উপজেলা প্রশাসন তথা সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন করার অপচেষ্টা চালাচ্ছে। ঘর নির্মানে কোন ত্রুটি থাকলে বা কোন অভিযোগ থাকলে তা উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার সুযোগ রয়েছে এবং আমারা তা সংশোধনের চেষ্টা করবো। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন |
| ০৮ | সড়ক ও জনপথ | নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ , সভায় Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয়ক , উপজেলা পরিষদ চেয়ারম্যা এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সকল জনপ্রতিনিধিদের ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি তেরখাদা বাজারে চিত্রা নদীর উপর ব্রীজ নির্মাণ বিষয়ে সভাকে অবহিত করেন। জেলখানা ঘাটে সেতু নির্মাণ প্রস্তাব এবং ঢাকা- খুলনা মহাসড়কে খুলনা থেকে তেরখাদা উপজেলা হয়ে চন্দ্রদিঘলিয়া পর্যন্ত ০৪ লেন বিশিষ্ট মহসড়ক নির্মান প্রস্তাবনা এবং মহাসড়কের বাক সহজীকরণ প্রকল্পের আওতায় তেরখাদা-খুলনা সড়কের বাক সহজ প্রকল্পের কাজের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সড়ক ও জনপথ |
| ০৯ | ইউজিডিপি প্রকল্প | আলোচনা-০১: অক্সিজেন সিলিন্ডার ব্যাংক এবং হাইফ্লো নেজাল ক্যানোলা স্থাপন প্রকল্পের বিল অনুমোদন: এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে বায়ো মেডিকেল ইঞ্জিনিয়ারিং লিঃ কর্তৃক সম্পাদিত কাজের বিল ৭.৫% ভ্যাট ২,১৫,৭১৯/-টাকা ৩% আয়কর ৮৬,২৮৭/- টাকা এবং ঠিকাদারের নীট পাওনা ২৫,৭৪,২৪০/- (পঁচিশ লক্ষ চুয়াত্তর হাজার দুইশত চল্লিশ) টাকা সহ সর্বমোট ২৮,৭৬,২৪৬/- (আটাশ লক্ষ ছিয়াত্তর হাজার দুইশত ছেচল্লিশ) টাকার চুড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্তঃ ঠিকাদার প্রতিষ্ঠান বায়ো মেডিকেল ইঞ্জিনিয়ারিং লিঃ কর্তৃক দাখিলকৃত কাজের বিল ৭.৫% ভ্যাট ২,১৫,৭১৯/-টাকা ৩% আয়কর ৮৬,২৮৭/- টাকা এবং ঠিকাদারের নীট পাওনা ২৫,৭৪,২৪০/- (পঁচিশ লক্ষ চুয়াত্তর হাজার দুইশত চল্লিশ) টাকা সহ সর্বমোট ২৮,৭৬,২৪৬/ (আটাশ লক্ষ ছিয়াত্তর হাজার দুইশত ছেচল্লিশ) টাকার চুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। প্রয়োজনীয় সকল কাগজপত্র সহ বায়ো মেডিকেল ইঞ্জিনিয়ারিং লিঃ কর্তৃক সম্পাদিত কাজের (অক্সিজেন সিলিন্ডার ব্যাংক এবং হাইফ্লো নেজাল ক্যানোলা সরবরাহ) বিল প্রস্তুত করে স্বল্পতম সময়ের মধ্যে ঢাকাস্থ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা। এবং ইউডিএফ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | ইউজিডিপি প্রকল্প | আলোচনা-০২: উপজেলা প্রকৌশলী জনাব ওয়ালিদ ইবনে হাসান গত ২৬.০৮.২০২১ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় বাস্তবায়নের জন্য মনোনীত মোট ০৬ (ছয়) টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্পের তালিকা সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত উপ-প্রকল্প প্রস্তাবনা সমূহ নিয়ে বিস্তারিত আলোচনান্তে সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প প্রস্তাবনা ০৬ (ছয়) টি সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং চুড়ান্ত অনুমোদনের জন্য ইউজিডিপি প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>একই তারিখে (২৬.০৮.২০২১ইং) অনুষ্ঠিত উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় বাস্তবায়নের জন্য মনোনীত মোট ০৩ (তিন) টি অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পের তালিকা উপজেলা প্রকৌশলী মহোদয় সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থাপিত অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাবনা সমূহ নিয়ে বিস্তারিত আলোচনান্তে অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাবনা ০৩ (তিন) টি সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং চুড়ান্ত অনুমোদনের জন্য ইউজিডিপি প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।.<br><br>আলোচনা-৩: সভায় যে সমস্ত অবকাঠামো উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে উপজেলা পরিষদ চেয়ারম্যান উক্ত প্রকল্পসমূহের প্রাক্কলন তৈরীর জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত: যে সমস্ত উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে উক্ত প্রকল্পসমূহের প্রাক্কলন দ্রুততম সময়ের মধ্যে তৈরী করতঃ উপজেলা প্রকৌশলী চুড়ান্ত অনুমোদনের জন্য ইউজিডিপি প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>{০৬ (ছয়) টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প প্রস্তাবনা এবং তিনটি অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাবনার তালিকা পরিশিষ্ট -গ দ্রষ্টব্য } | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা। এবং ইউডিএফ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প |

বিবিধ আলোচনা ঃ

মাননীয় সংসদ সদস্য ১০২ খুলনা-৪ ঃ সভায় মাননীয় সংসদ সদস্য সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসর, নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, উপজেলা প্রকৌশলীসহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সকল জনপ্রতিনিধিদের শুভেচ্ছা জানান। সংসদ সদস্য মহোদয় বলেন আগস্ট মাস শোকের মাস। ১৯৭৫ সালের ১৫ আগস্ট এবং ২০৪ সালের ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্বরণ করেন। মুজিববর্ষে মাননীয় প্রধানমন্ত্রির উপহার এর আশ্রয়ন প্রকল্পের ঘর নিয়ে যে মিথ্যা সংবাদ প্রচার করা হয়েছে তার নিন্দা জানান এবং সঠিক তথ্য এবং সরকারের উন্নয়ন তুলেধারর জন্য গণমাধ্যমকর্মী ও সাংবাদিকদের অনুরোধ জানান। তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ সারাদেশে সরকারের উন্নয়নের চিত্রতুলে ধরেন এবং বলেন আগামীতে খুলনা জেলখানা ঘাটে বাংলাদেশ সরকার এবং জাপান ইন্টারন্যাশনাল কোঅপারেশন এজেন্সি (Jica) যৌথ এর অর্থায়নে ঝুলন্ত সেতু নির্মাণ করা হবে। ফরিদপুরের ভাঙ্গা থেকে খুলনা পর্যন্ত ০৪ লেনের নতুন মহাসড়ক নির্মাণ করাহবে যা তেরখাদা উপজেলার উপর দিয়ে যাবে। কাটেংগা বাজারে বর্তমান ব্রীজের যায়গায় আওয়ামীলীগের পার্টি অফিস ভবন ঠিক রেখে নতুন ৩৬ফিুট প্রসস্ত ব্রীজ নির্মান কাজ ইতোমধ্যে শুরু হচ্ছে । বৃহত্তর স্বার্থে সরকারি যায়গায় যাদের দোকান ঘর রয়েছে তা ভেঙ্গে ফেলার অনুরোধ জানান। সমালোচনা না করে উন্নয়নমূলক এ সকল নিউজ তুলেধরার জন্য সাংবাদিকদের অনুরোধ জানান। তেরখাদা উপজেলা পরিষদের অভ্যন্তরের ছোট ছোট প্রকল্প, আবাসিক ভবন, ডরমেটরি ভবন এর প্রাক্কলন ও প্রস্তাব প্রস্তত করে তা সংসদ সদস্য মহোদয়ের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলকে নির্দেশনা প্রদান করেন। সকল সাংবাদিক এবং জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করতঃ তেরখাদা উপজেলায় একটি মাত্র প্রেসক্লাব গঠনের নির্দেশনা প্রদান করে তাঁর বক্তব্য সমাপ্তি করেন।

চেয়ারম্যান ০২ বারাসাত ইউপিঃ সভায় উপস্থিত মাননীয় সংসদ সদস্য জনাব আবদুস সালাম মুর্শেদী মহোদয়সহ সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, দৈনিক জন্মভূমি পত্রিকায় মুজিববর্ষ উপলক্ষে আশ্রয়ন প্রকল্পের ঘর নির্মাণ বিষয়ে যে সংবাদ প্রকাশিত হয়েছে তা মিথ্যা, বানোয়াট এবং সড়যন্ত্রমূলক যা উপজেলা প্রশাসনের ভাবমুর্তি ক্ষুন্নকরে । তিনি সাংবাদিকদের দৃষ্টি আকর্ষণ করতঃ সঠিক তথ্য উপাত্ত নাকরে মিথ্যা মনগড়া সংবাদ প্রচার করা থেকে বিরত থাকার অনুরোধ জানান। তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করত ঃ ২০১৭-১৮ চক্রের ভিজিডি উপকার ভোগীদের জমাকৃত সঞ্চয় এর টাকা একটি এনজিওর কাছে জমা রাখা হয় এবং পরবর্তীতে সঞ্চয়ের টাকা উপকার ভোগীগণ আর ফেরত পাইনি। তিনি এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন।

চেয়ারম্যান ০৩ নং ছাগলাদাহ ইউপি ঃ মুজিববর্ষে মাননীয় প্রধানমন্ত্রির উপহার এর আশ্রয়ন প্রকল্পের ঘর নিয়ে যে মিথ্যা, সড়যন্ত্রমূলক সংবাদ প্রচার করা হয়েছে তার নিন্দা জানান। তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করত ঃ ২০১৭-১৮ চক্রের ভিজিডি উপকার ভোগীদের জমাকৃত সঞ্চয় এর টাকা একটি এনজিওর কাছে জমা রাখা হয় এবং পরবর্তীতে সঞ্চয়ের টাকা উপকার ভোগীগণ আর ফেরত পাইনি। তিনি এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন।

চেয়ারম্যান ০৫ নং তেরখাদা ইউপি ঃ মুজিববর্ষে মাননীয় প্রধানমন্ত্রির উপহার এর আশ্রয়ন প্রকল্পের ঘর নিয়ে যে মিত্যা বানোয়াটসংবাদ প্রচার করা হয়েছে তার নিন্দা জানান। তিনি তেরখাদা বাজারে চিত্রা নদীর উপর ব্রীজ নির্মাণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন ব্রীজ নির্মাণ ও এপ্রোজ রাস্তা আওয়ামীলীগের দলীয় কার্যালয় ঠিক রেখে নির্মানের জন্য অনুরোধ করেন।

**আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)** ঃ উপজেলা পরিষদের জুলাই-২০২১ মাসে রাজস্ব তহবিলের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয় :

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১। | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জুন/২১ মাসের সম্মানী, বাড়ী ভাড়া ও ভ্রমন ভাতা প্রদান | ৫৪,৪৯৮/- |
| ২। | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানরে জুন/২১ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৩০০/- |
| ৩। | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানরে জুন/২১ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৩০০/- |
| ৪। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত দু'জন কর্মচারীর জুন/২১ মাসের বেতন প্রদান | ২৫,২০০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় ।

সভাপতির বক্তব্য ঃ সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন । যাদের জমি ও নাই ঘর ও নাই এমন পরিবারের মাঝে মুজিববর্ষে মাননীয় প্রধানমন্ত্রির উপহার এর ঘর নির্মাণ কাজের জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে এ সভার মাধ্যমে ধন্যবাদ জ্ঞাপন করেন। তেরখাদা বাজারে ব্রীজ নির্মাণ বাস্তবায়নের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে তেরখাদা উপজেলাবাসির পক্ষথেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা মোতাবেক ০৫নং তেরখাদা ইউনিয়নের আটলিয়া গ্রামে নদীতে কাঠেরপুল নির্মাণ করা হয়েছে মর্মে অবহিত করনে। আশ্রয়ন প্রকল্পের ঘর নিয়ে মিথ্যা সংবাদ প্রকাশনার মাধ্যমে যারা সরকার তথা উপজেলা প্রশাসনের ভাবমূর্তি নষ্ট করেছে তাদের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানান। উপজেলার সকল উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের এক সঙ্গে কাজ করার আহবান জানান। তিনি সকল দপ্তর প্রধানদের উপজেলা পরিষদ মাসিক সভায় নিয়মিত হাজির হওয়ার অনুরোধ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

অতঃ পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
ও সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নম্বর- উনিঅ/তের/সভা-৯-৯/২০২১- ৫৫৮(৪০) তারিখঃ ৩১/০৮/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
৪। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

৫। উপজেলা ..............................................................অফিসার, তেরখাদা, খুলনা।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
৭। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।
৮। অফিস নথি।

31/08/2021
উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

পরিশিষ্ট-ক

সভার তারিখ-৩১/০৮/২০২১ খ্রিঃ **সময়ঃ বেলা ০৩.০০ঘটিকা।**

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ তেরখাদা, খুলনা। | |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১১. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১২. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | ✓ |
| ১৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৯. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ২০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২২. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৩. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৪. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা। | |
| ২৮. | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, তেরখাদা, খুলনা। | |
| ২৯. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, তেরখাদা, খুলনা। | |
| ৩০. | ইনচার্জ, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |
| ৩১. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা। | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

পরিশিষ্ট-খ

১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা।
২. উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা।
৩. উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, তেরখাদা, খুলনা।
৪. সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন।
৫. ফরেস্টার , বন বিভাগ, তেরখাদা
৬. তথ্য কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৮. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা।

## পরিশিষ্ট-"গ"

### ইউজিডিপি'র জন্য বাছাইকৃত সক্ষমতাবৃদ্ধি উপ-প্রকল্প (অর্থ বছর : ২০২০-২১ খ্রি.)

| ক্র: নং | বিভাগ/অফিস | সক্ষমতাবৃদ্ধিমূলক উপ-প্রকল্পের নাম | অংশগ্রহনকারীর সংখ্যা | ব্যাচ সংখ্যা | ব্যাচ প্রতি সময়কাল | মোট সময়কাল | ভ্যাট/আইটি বাদে টাকা | সর্বমোট বাজেট (ভ্যাট/আইটি সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তেরখাদা, খুলনা | উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারী এবং ইউপি সচিবদের "ওয়েব পোর্টাল হালনাগাদকরণ ও ই-নথি" বিষয়ক প্রশিক্ষণ। | ৬৪ জন | ২ টি | ২ দিন | ৪ দিন | ১,৬৬,৮৮০ | ১,৭৫,৫১৯ |
| ০২ | প্রাথমিক শিক্ষা বিভাগ | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার মান বৃদ্ধিকল্পে ডিজিটাল পাঠদান কার্যক্রম সম্প্রসারণ বিষয়ক প্রশিক্ষণ। | ১০২ জন | ৪ টি | ১ দিন | ৪ দিন | ১,৫৩,৮৪০ | ১,৬১,৯৮৬ |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | লাভজনক ঔষধি মসলা চুই ঝাল চাষ বিষয়ক প্রশিক্ষণ। | ১৪০ জন | ৪ টি | ১ দিন | ৪ দিন | ১,৭৫,১৬০ | ১,৮৫,২৪০ |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | উত্তম মৎস্য চাষ অনুশীলন এবং মাছের বিভিন্ন রোগবালাই ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ। | ৭০ জন | ২টি | ২ দিন | ৪ দিন | ১,৫৮,০০০ | ১,৬৬,২৭৬ |
| ০৫ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | মানসম্মত মাধ্যমিক শিক্ষা অর্জনে ইংরেজী শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ। | ৪৮ জন | ২টি | ৩ দিন | ৬ দিন | ১,৭৪,৫২০ | ১,৮৪,২০৬ |
| ০৬ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | যুব মহিলাদের ব্লক ও বাটিক প্রিন্টিং বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ। | ৩০ জন | ১ টি | ৫ দিন | ৫ দিন | ১,৭১,৬০০ | ১,৮২,২৯৫ |
| | সর্বমোট | | ৪৫৪ জন | ১৫ টি | ### | ২৭ দিন | ১০,০০,০০০ | ১০,৫৫,৫২২ |

### অগ্রাধিকারভিত্তিতে অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্পের তালিকা (অর্থ বছর : ২০২০-২১ খ্রি.),

| ক্র: নং | বিভাগ/অফিস | সাব প্রকল্পের নাম | সুবিধাভোগীর সংখ্যা | ইউনিট সংখ্যা | ভ্যাট/আইটি বাদে টাকা | সর্বমোট বাজেট (ভ্যাট/আইটি সহ) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটি | তেরখাদা উপজেলার তিনটি শিক্ষাপ্রতিষ্ঠানে আইসিটি শিক্ষার সুবিধা সম্প্রসারণের জন্য একটি করে মিনি কম্পিউটার ল্যাব স্থাপন (প্রতিটি ল্যাবে দশটি ডেস্কটপ এবং একটি এলইডি টিভি)। | ১,৬৭০ জন | ৩ টি | ১৬,৮৭,৪৪২ | ১৮,৮৫,৪১০ |
| ০২ | উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কমিটি | তেরখাদা উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ৪০ টি সোলার স্ট্রীট লাইট স্থাপন। | ২০,০০০ জন | ৪০ টি | ১১,১৪,২৪০ | ১২,৪৪,৯৬১ |
| ০৩ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটি | তেরখাদা উপজেলার শহীদ স্মৃতি মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গনের জলাবদ্ধতা স্থায়ীভাবে নিরসনের জন্য ইউ-ড্রেন নির্মান। | ৯৯৪ জন | ১ টি | ১১,৯৮,৩০৯ | ১৩,৩৮,৮৯৩ |
| | সর্বমোট | | ২২,৬৬৪ জন | ৪৪ টি | ৩৯,৯৯,৯৯১ | ৪৪,৬৯,২৬৪ |

আবিদা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।